GRADUATE JOBS · পর্ব ২ · PRIVATE UNIVERSITY · NOV 2026

Private university: খরচ, চাকরি আর নিজের হিসাব

ভিডিওর সব সংখ্যা, কোনটা কোথা থেকে, আর ভর্তির আগে বা পড়ার সময় নিজের হিসাব মেলানোর checklist। গল্পের তানভীর কাল্পনিক, সংখ্যাগুলো সত্যি।

01 পড়ার খরচ

কোথায়	কত	সূত্র
private university, চার বছরের undergraduate degree	**১০ থেকে ১৫ লাখ টাকা**	ইউএনবি, ৬ আগস্ট ২০২৫
North South University, undergraduate tuition	**৳৮,০০০ / credit**	NSU এর fee page, Spring 2026 থেকে (ID 261 ও পরের)
BRAC University, বেশিরভাগ undergraduate program	**৳৮,২৫০ / credit, admission ৳৩৩,৯০০**	BRAC University এর fee page, Spring 2025 থেকে নতুন শিক্ষার্থী
BRAC এ BBA, শুধু tuition (১৩০ credit × ৳৮,২৫০)	**৳১০,৭২,৫০০**	আমাদের হিসাব, ওপরের দুই সংখ্যা থেকে; admission ও semester fee আলাদা
Daffodil International University	**অফিসিয়াল ২০২৬ fee পাইনি**	university র site এ এই মুহূর্তে fee টেবিল নেই; ভিডিওর ৬ থেকে ৭ লাখ একজন graduate এর নিজের বলা খরচ (নিচে ০৩)
public university, পুরো undergraduate	**৩০ থেকে ৫০ হাজার টাকা**	ইউএনবি, ৬ আগস্ট ২০২৫

একই ইউএনবি প্রতিবেদনে: এক বাবা গ্রামের জমি বেচে দুই ছেলেকে private university তে পড়াচ্ছেন, দুইজনের খরচ প্রায় ৩০ লাখ। এক pharmacy শিক্ষার্থী fee দিতে তিনটা টিউশনি করেন, এক BBA শিক্ষার্থী call center এ রাতের shift করেন।

02 চাকরির হিসাব

- **৩০ বছর বয়সেও বেকার:** private university র graduate ১৪%, public university ২৯%, National University প্রায় ৩৫%। Bdjobs.com এর data, The Business Standard এর "Degrees of despair", ২০ সেপ্টেম্বর ২০২৫। একটাই সূত্র, Bdjobs এর নিজের প্রকাশনা আমরা আলাদা করে পাইনি।
- **অভিজ্ঞতার দেয়াল:** ঢাকার এক private university র BBA graduate এক বছরে অন্তত ১৫টা প্রতিষ্ঠানে CV দিয়েছেন, interview এ প্রশ্ন ছিল আগের experience আছে কি না। private খাতের entry level বিজ্ঞাপনেও প্রায়ই ২ থেকে ৩ বছরের experience চাওয়া হয় (প্রথম আলো, ৬ এপ্রিল ২০২৬)।

মানে private থেকে পাস করাদের বেকারত্ব তুলনায় কম। কষ্টটা অন্য জায়গায়: যত খরচ, প্রথম বেতন তার সাথে মেলে না, আর প্রথম চাকরির আগে experience চাওয়া হয়।

03 শিক্ষার্থীরা নিজেরা যা লিখেছেন

Reddit এর r/Dhaka থেকে। প্রতিটা একজন মানুষের অভিজ্ঞতা, পুরো দেশের হিসাব না। নাম ও username রাখা হয়নি।

- "private এ ১৪ লাখ খরচ করে ১২ হাজারের চাকরি", একই মন্তব্যে: private থেকে পড়ে starting এ ১ লাখের বেশি পান, এমন মানুষও তিনি চেনেন (৯ নভেম্বর ২০২৫)।
- BRAC থেকে CSE, CGPA ৩.৯, ছয় মাসে একটা ভালো internship ও পাচ্ছেন না (২৪ আগস্ট ২০২৬)। একই আলোচনায় একজন: "You only need one yes. Till then, apply a lot and fail a lot."
- Daffodil এর এক graduate: waiver সহ খরচ ৬ থেকে ৭ লাখ, NSU বা BRAC এর প্রায় অর্ধেক (৯ ফেব্রুয়ারি ২০২৫)। আরেকজন: hall এ না থাকলে দিনে ৩ থেকে ৪ ঘণ্টা bus এ যায় (১৫ মার্চ ২০২৬)।
- পরিবারের মাসিক আয় ৫০ হাজার, NSU থেকে পাস করে এক বছরে degree র খরচ তুলে ফেলেছেন (৯ ফেব্রুয়ারি ২০২৫)।

04 নিজের হিসাব: checklist

☐ fee page থেকে per credit × আপনার program এর মোট credit, তারপর admission আর প্রতি semester এর আলাদা fee যোগ করুন।

☐ course retake করলে আবার fee লাগে কি না, কত, জেনে নিন।

☐ waiver বা scholarship কোন CGPA তে টিকে থাকে, লিখে রাখুন।

☐ campus এ আসা যাওয়ার সময় আর খরচ: দিনে কত ঘণ্টা, মাসে কত টাকা।

☐ experience পড়ার সময়েই: internship, club, part time, freelance, নিজের project। প্রথম interview তে দেখানোর মতো কিছু।

☐ পরিবার কত টাকা দিচ্ছে আর তার উৎস কী (সঞ্চয়, ঋণ, জমি), খোলাখুলি একবার বসে হিসাব করুন।

05 সূত্র

- ইউএনবি, Hidden struggles behind private university education in Bangladesh, ৬ আগস্ট ২০২৫: https://unb.com.bd/category/Special/hidden-struggles-behind-private-university-education-in-bangladesh/165587
- North South University, Tuition and fees: https://admissions.northsouth.edu/tuition
- BRAC University, Tuition and fees: https://www.bracu.ac.bd/node/1226
- The Business Standard, Degrees of despair (CPD এর repost), ২০ সেপ্টেম্বর ২০২৫: https://cpd.org.bd/?p=52552
- প্রথম আলো, ৬ এপ্রিল ২০২৬: https://www.prothomalo.com/chakri/chakri-news/a7i26jx86i
- Reddit r/Dhaka: https://www.reddit.com/r/Dhaka/comments/1osed7h/ · https://www.reddit.com/r/Dhaka/comments/1vwvhnz/ · https://www.reddit.com/r/Dhaka/comments/1ilja64/ · https://www.reddit.com/r/Dhaka/comments/1rub4tj/